

আর বি আই শীঘ্র “স্বামী চিন্ময়ানন্দের জন্ম শতবর্ষ” উদযাপনে ₹ 10 টাকার মুদ্রা জারি করবে

ভারতীয় রিজার্ভ ব্যাংক শীঘ্র স্বামী চিন্ময়ানন্দের জন্ম শতবর্ষ” উদযাপনে ভারত সরকার দ্বারা মুদ্রিত ₹ 10 টাকার মুদ্রা জারি করবে।

এই মুদ্রার গঠন বৈশিষ্ট্য যেমন প্রকাশিত হয়েছে বিত্ত মন্ত্রকের অর্থ বিষয়ক বিভাগের দ্বারা এবং বিজ্ঞাপিত হয়েছে দি গ্যাজেট অফ ইন্ডিয়া –এক্সট্রাঅর্ডিনারী – পাট – I- সেকশান (I) সং.274 দিনাঙ্ক এপ্রিল 30,2015 –এর মাধ্যমে তা নিম্নরূপ হবে:

সামনের দিক

সামনের দিকের কেন্দ্রীয় অংশে থাকবে অশোক স্তম্ভের সিংহ মূর্তির মুখ যার নীচে “**सत्यमेव जयते**” নীতিবাক্য চক্রাকারে অবস্থান করবে, যার বাম পার্শ্বের পরিধিতে দেবনাগরী লিপিতে “**भारत**” শব্দ এবং ডানপার্শ্বের পরিধিতে ইংরাজী লিপিতে “**INDIA**” শব্দ মুদ্রিত থাকবে। সামনের দিকে আর ও থাকবে টাকার চিহ্ন ₹ এবং সিংহ মূর্তির মুখের নীচে আন্তর্জাতিক অংকে মুদ্রার মূল্যজ্ঞাপক 10 লেখা থাকবে।

পিছনের দিক

পিছনের দিকের কেন্দ্রীয় অংশে থাকবে স্বামী চিন্ময়ানন্দের প্রতিকৃতি যার উপরের পরিধিতে দেবনাগরী লিপিতে খোদাই করা থাকবে “**स्वामी चिन्मयानंद की जन्मशती**” এবং নীচের পরিধিতে ইংরাজীতে খোদাই করা থাকবে “**Birth Centenary of Swami Chinmayananda**”। প্রতিকৃতির নীচে বর্ষ “2015” লেখা থাকবে আন্তর্জাতিক অংকে।

দি কয়েনেজ অ্যাক্ট, 2011 অনুসারে এই মুদ্রাগুলি আইনগতভাবে পেশযোগ্য এই মূল্যের বিদ্যমান মুদ্রাগুলিরও আইনগত পেশযোগ্যতা বজায় থাকবে।